



## শিগগিরই আওয়ামী লীগের বিচার শুরু হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগকে ভবিষ্যতে বাংলাদেশে রাজনীতি করতে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, দলটির বিরুদ্ধে সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে শিগগিরই বিচারিক প্রক্রিয়া শুরু হবে।

শনিবার (৪ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আওয়ামী লীগের রাজনৈতিক অধ্যায়ের সমাপ্তি ঘটেছে এবং দলটি আর দেশের রাজনীতিতে ফিরে আসতে পারবে না। তিনি আরও দাবি করেন, খুব শিগগিরই রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের বিচার শুরু হবে।

জুলাই আন্দোলনের প্রসঙ্গ টেনে সালাউদ্দিন আহমেদ বলেন, আন্দোলনের সময় বিভিন্ন রাজনৈতিক ও সাংগঠনিক বিষয়ে তারেক রহমানের সঙ্গে নিয়মিত আলোচনা হয়েছে। সে সময় দীর্ঘ সময় ধরে সমন্বয়ের মাধ্যমে আন্দোলনকে এগিয়ে নেওয়া এবং অরাজনৈতিক পরিচয়ে তা সফল পরিণতির দিকে নেওয়ার চেষ্টা করা হয়েছিল বলেও উল্লেখ করেন তিনি।

তিনি বলেন, নতুন বাংলাদেশ গঠনে জাতীয় ঐক্য বজায় রাখা প্রয়োজন। দেশের অর্থনৈতিক বাস্তবতা বিবেচনায় সবাইকে ধৈর্য ধরার আহ্বান জানিয়ে তিনি বলেন, সরকার পরিকল্পনা অনুযায়ী কাজ এগিয়ে নিচ্ছে।

বক্তব্যে আওয়ামী লীগের বিদেশে অবস্থানরত নেতাকর্মীদের বিরুদ্ধেও অভিযোগ তোলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তার দাবি, তারা দেশের বাইরে বসে বিভিন্ন গণতান্ত্রিক রাজনৈতিক দলের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছেন।

জুলাই আন্দোলনের চেতনা নিয়ে কোনো ধরনের ব্যক্তিস্বার্থ বা রাজনৈতিক ব্যবসা না করারও আহ্বান জানান তিনি। এ ধরনের প্রবণতা থেকে বিরত থাকার পরামর্শ দিয়ে বলেন, যারা এমনটি করবে, তাদের বিষয়ে জনগণই মূল্যায়ন করবে।

‘জুলাই ২৪ শহীদ পরিবার’ ও ‘আমরা জুলাইযোদ্ধা’ কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আয়োজিত এই সম্মেলনে আহত জুলাইযোদ্ধা এবং শহীদ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের সুমন, আইনমন্ত্রী আসাদুজ্জামান এবং জাতীয় সংসদের চিফ ছইপ নুরুল ইসলাম মনি।